# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ৩০৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৯২]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মদীনার রাস্তাসমূহে যে সমস্ত মসজিদ রয়েছে এবং যে সকল স্থানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামায পড়েছেন

بَاب الْمَسَاجِدِ الَّتِي عَلَى طُرُقِ الْمَدِينَةِ

---

আরবী

▯▯▯ ـ وَأَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ يُحدِّث: أَنَّ النَّبِيَّ اسْتَقْبَلَ فُرْضَتَيِ الْجَبَلِ، الَّذِي بَيْنَهُ وَبَيْنَ الْجَبَلِ الطَّوِيلِ نَحْوَ الْكَعْبَةِ، فَجَعَلَ الْمَسْجِدَ الَّذِي بُنِيَ ثَمَّ يَسَارَ الْمَسْجِدِ بِطَرَفِ الأَكَمَةِ، وَمُصَلَّى النَّبِيِّ أَسْفَلَ مِنْهُ عَلَى الأَكَمَةِ السَّوْدَاءِ، تَدَعُ مِنَ الأَكَمَةِ عَشَرَةَ أَذْرُعٍ أَوْ نَحْوَهَا، ثُمَّ تُصَلِّي مُسْتَقْبِلَ الْفُرْضَتَيْنِ مِنَ الْجَبَلِ الَّذِي بَيْنَكَ وَبَيْنَ الْكَعْبَةِ

বাংলা

৩০৭) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) বর্ণনা করতেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঐ পাহাড়ের প্রবেশ পথ দু’টির দিকে মুখ করে নামায পড়তেন, যা তাঁর এবং মক্কার দিকের লম্বা পাহাড়ের মধ্যে অবস্থিত। সেখানে নির্মিত মসজিদটিকে টিলার এক প্রান্তে নির্মিত মসজিদটির বাম দিকে রাখতেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামাযের স্থানটি ছিল তার নিম্ন দিকের কালো টিলার উপরে। টিলা থেকে প্রায় দশ হাত বাদ দিয়ে যে পাহাড়টি তোমার ও মক্কার মাঝখানে পড়বে তার দু’প্রবেশ দ্বারের দিকে মুখ করে নামায পড়বে।

টিকাঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে সমস্ত স্থানে নামায পড়েছেন তার প্রতি অগাধ ভালবাসায় ইবনে উমারও ঐ সমস্ত স্থানে নামায পড়ার আগ্রহী ছিলেন। বিশেষ করে সফর অবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে স্থানে অবতরণ করেছেন পরবর্তীতে ইবনে উমার (রাঃ) সে সকল স্থানে অবতরণ করতেন। বর্তমানে এ সমস্ত স্থানের সঠিক ঠিকানা খুঁজে পাওয়া সম্ভব নয়। উপরোক্ত হাদীছগুলোতে বর্ণিত মসজিদগুলোর সন্ধান পাওয়াও কঠিন। মসজিদে যুল হুলায়ফা ব্যতীত অবশিষ্ট নিদর্শন অতীতের পাতায় চলে গেছে। মোট কথা আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাতকে যেভাবে অনুসরণ করার চেষ্টা করতেন আমাদেরও তেমনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতিটি কথা ও কাজের অনুসরণ করা উচিৎ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89605

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন